

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়
প্রশাসন-১ শাখা
বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
www.mohfw.gov.bd

স্মারক নং-৪৫.১৩৭.০১১.০১.০০.০২২.২০১৩-১৩৭

তারিখঃ ০১/০২/২০১৫ খ্রিষ্টাব্দ
১৯/১০/১৪২১ বঙ্গাব্দ


বিষয়ঃ সুনামগঞ্জ সিভিল সার্জনের নিয়ন্ত্রণাধীন বিভিন্ন স্বাস্থ্য প্রতিষ্ঠানের সরাসরি নিয়োগযোগ্য ৩য় ও ৪র্থ শ্রেণির শূন্য পদে জনবল নিয়োগের নিমিত্ত ছাড়পত্র প্রদান প্রসঙ্গে।

- সূত্রঃ (১) স্বাস্থ্য অধিদপ্তরের স্মারক নং- স্বাঃঅধিঃপ্রশা-২/ছাড়পত্র/সিলেট বিভাগ/৯৯(অংশ-১)/৫৮৫১, তারিখঃ ২৬/১১/২০১৩ খ্রিঃ।
(২) সিভিল সার্জনের কার্যালয়, সুনামগঞ্জ এর স্মারক নং-সিএসএসজে/প্রশা/১৯০৭/৩, তারিখঃ ২৫/১১/২০১৪ খ্রিঃ।

উপর্যুক্ত বিষয়ে জানানো যাচ্ছে যে, সুনামগঞ্জ সিভিল সার্জনের নিয়ন্ত্রণাধীন বিভিন্ন স্বাস্থ্য প্রতিষ্ঠানের সরাসরি নিয়োগযোগ্য ৩য় ও ৪র্থ শ্রেণির শূন্য পদে জনবল নিয়োগের নিমিত্ত ছাড়পত্র প্রদানের লক্ষ্যে প্রস্তাবিত মোট ২৬২টি পদের মধ্যে ২নং সূত্রোক্ত স্মারকে প্রাপ্ত একীভূত ৩য় শ্রেণির ছকের ক্রমিক নং-১৪-এ বর্ণিত ডাইভারের ১০টি পদ এবং ৪র্থ শ্রেণির ছকে ক্রমিক নং ৪-১২ এ বর্ণিত ১১৭টি পদ অর্থাৎ মোট ১২৭টি পদে নিয়োগ সংক্রান্ত বিষয়ে বিজ্ঞ আদালতে মামলা আপীলাধীন এবং নবসৃষ্ট পদ ব্যতিত অবশিষ্ট ৩য় শ্রেণির ১২২টি পদ পদোন্নতি, বদলি ও অবসরজনিত কারণে শূন্য দেখানো হয়েছে। কিন্তু ক.ঐ পদ পদোন্নতি, কয়টি পদ বদলি এবং কয়টি পদ অবসর তা উল্লেখ না থাকায় বদলিজনিত কারণে শূন্য পদের সংখ্যা সঠিকভাবে নিরূপণ করা সম্ভব না হওয়ায় মোট (১২৭+১২২)টি = ২৪৯টি পদ বাদ দিয়ে জনপ্রশাসন মন্ত্রণালয়ের ২৪/১১/২০১০ তারিখের ০৫.১৬৬.০২২.০০.০০.০৪৪.১৯৮৮-১৩৫৬(২৫০) সংখ্যক পরিপত্রের নির্দেশনা/শর্ত মোতাবেক প্রচলিত সকল বিধি-বিধান এবং স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়ের ২০/০৩/২০১২ তারিখের স্বাপকম/প্রশা-১/২সি-০৭/২০০৬(অংশ-১)/৪৪৪ সংখ্যক স্মারক অনুসরণপূর্বক আপাতত নবসৃষ্ট ১৩টি শূন্য পদের মধ্যে ১০% হারে ১টি পদ সংরক্ষণ করত (১৩-১)টি= ১২টি পদে বিজ্ঞ আদালতের কোন আদেশ দ্বারা বারিত না হলে নিম্নবর্ণিত শর্ত সাপেক্ষে জনবল নিয়োগের ছাড়পত্র প্রদান করা হল এবং নিয়োগের পরবর্তী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলঃ

প্রতিষ্ঠানের নাম	ক্রমিক নং	পদের নাম	প্রস্তাবিত পদের সংখ্যা	ছাড়কৃত পদের সংখ্যা	১০% হারে সংরক্ষিত পদ
সুনামগঞ্জ সিভিল সার্জন অফিস ও এর নিয়ন্ত্রণাধীন বিভিন্ন স্বাস্থ্য প্রতিষ্ঠান	১	কম্পিউটার অপারেটর	০১(এক)টি	০১(এক)টি	
	২	অফিস সহকারী কাম ডাটা এন্ট্রি অপারেটর	০১(এক)টি	০১(এক)টি	
	৩	ওয়ার্ড মাস্টার	০১(এক)টি	০১(এক)টি	
	৪	কার্ডিওগ্রাফার	০২(দুই)টি	০২(দুই)টি	
	৫	লিলেন কিপার	০১(এক)টি	০১(এক)টি	
	৬	রেকর্ড কিপার	০১(এক)টি	০১(এক)টি	
	৭	টিকেট ক্লার্ক	০২(দুই)টি	০২(এক)টি	০১(এক)টি
	৮	কম্পাউন্ডার	০১(এক)টি	০১(এক)টি	
	৯	স্টেরিলাইজার কাম মেকানিক	০১(এক)টি	০১(এক)টি	
	১০	ইমার্জেন্সী এটেনডেন্ট	০১(এক)টি	০১(এক)টি	
	১১	ওটি বয়	০১(এক)টি	০১(এক)টি	
			মোট ১৩(তের)টি	১২(বার)টি	০১(এক)টি

- (১) নিয়োগ বিধি ও প্রচলিত সকল বিধি-বিধান যথাযথভাবে অনুসরণ করতে হবে;
- (২) অস্থায়ী পদসমূহ (যদি থাকে) হালনাগাদ সংরক্ষণ করতে হবে;
- (৩) পদোন্নতিযোগ্য পদে সরাসরি জনবল নিয়োগ করা যাবে না;
- (৪) জনবল নিয়োগের ১৫ কার্য দিবসের মধ্যে মন্ত্রণালয়কে আবশ্যিকভাবে অবহিত করতে হবে;
- (৫) প্রাপ্ত প্রস্তাবে শূন্য পদে সংখ্যায় কোন গড়মিল/তারতম্য হলে সে ক্ষেত্রে নিয়োগকারী কর্তৃপক্ষ এবং তথ্য প্রদানকারী কর্মকর্তা দায়ী থাকবেন।


মোঃ হাফিজুর রহমান চৌধুরী
সিনিয়র সহকারী সচিব
ফোনঃ ৯৫৭৭৯৮৫
sasadmin1@mohfw.gov.bd

মহাপরিচালক
স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা।
দৃষ্টি আকর্ষণঃ পরিচালক (প্রশাসন)।

অনুলিপিঃ

- ১। সিভিল সার্জন, সুনামগঞ্জ।
- ২। সচিব মহোদয়ের একান্ত সচিব, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়।
- ৩। সিস্টেম এনালিস্ট, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয় (মন্ত্রণালয়ের ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।
- ৪। যুগ্মসচিব(প্রশাসন) মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়।